

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৫. ঈশ্বর কি এতই ভয়ঙ্কর!

উপরের বাইবেলীয় বক্তব্যে যে চিত্র ফুটে উঠেছে বাইবেলে অন্যত্র তা নিশ্চিত করা হয়েছে। পবিত্র বাইবেলে এ কথাও নিশ্চিত করেছে যে, ঈশ্বরের হাতে পড়া ভয়ঙ্কর বিষয়: ইব্রীয়/ ইবরানী/ হিব্রু ১০/৩১: 'It is a fearful thing to fall into the hands of the living God'। কেরি: "জীবন্ত ঈশ্বরের হস্তে পতিত হওয়া ভয়ানক বিষয়।" জুবিলী বাইবেল: "জীবনময় ঈশ্বরের হাতে পড়া ভয়ঙ্কর ব্যাপার!" কিতাবুল মোকাদ্দস-০৬: "জীবন্ত আল্লাহর হাতে পড়া কী ভয়ঙ্কর ব্যাপার!"

সুপ্রিয় পাঠক, এ কথার অর্থ কী? সকল মানুষই তো ঈশ্বরের হাতে ও ক্ষমতার মধ্যে রয়েছেন। ঈশ্বর কী এতই ভয়ঙ্কর যে হাতে পেলেই ধ্বংস করে দেবেন? এ কথা দ্বারা কি বাইবেল শিখাচ্ছে যে, ঈশ্বর ভয়ঙ্কর, কাজেই এ ঈশ্বরের দাসত্ব থেকে যত তাড়াতাড়ি সম্ভব স্বাধীনতা লাভ করা বাঞ্ছনীয়? বাইবেল যে ঈশ্বরের বর্ণনা দেয় সে ঈশ্বর কি এতই ভয়ঙ্কর যে, তিনি নিজেই নিজের ভাববাদীদের বিভ্রান্ত করেন এবং নিজের পুত্রকে হত্যা করেন? যাঁর হাত থেকে তাঁর একমাত্র পুত্রও রক্ষা পান নি, তাঁর থেকে অন্য কে আর দয়া বা করুণা আশা করতে পারবে? এ জাতীয় বক্তব্য দ্বারা বাইবেল কি মানুষদেরকে ঈশ্বরের প্রতি আকর্ষিত করছে না বিকর্ষিত করছে?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14292

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন